

ডিসেম্বর হইতে শিক্ষকদের বেতন-ভাতা মাসিক ভিত্তিতে দেওয়া হইবে

আগামী ডিসেম্বর হইতে সকল স্বীকৃতিপ্রাপ্ত নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক বিদ্যালয়, কলেজ ও মাদ্রাসার শিক্ষক ও অগ্নাশ্রম কর্মচারীদের বেতন ও অগ্নাশ্রম ভাতা বাবদ সরকারী মঞ্জুরী মাসিক ভিত্তিতে প্রদান করা হইবে। শিক্ষা মন্ত্রণালয় হইতে দেশের শিক্ষক ও কর্মচারীদের বেতন প্রাপ্তিতে অসুবিধার কথা বিবেচনা করিয়া এই সিদ্ধান্ত (৭ম পৃঃ ৫৪)

শিক্ষকদের বেতন-ভাতা

(১ম পৃঃ পর)

গৃহীত হইয়াছে। ইতিপূর্বে ত্রৈমাসিক ভিত্তিতে শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতা প্রদান করা হইত। ভবিষ্যতে মঞ্জুরী কম্পিউটারে প্রণীত "মাসলি পে" অর্ডার (এম পি ও)-এর মাধ্যমে প্রতিমাসে প্রদান করা হইবে। বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানসমূহের জন্ম সরকারী পর্যায়ে প্রথমবারের মত এই ধরনের ব্যবস্থা নেওয়া হইল।

প্রাথমিক পর্যায়ে এমপিও কেবলমাত্র ঢাকা বিভাগের শিক্ষা প্রতিষ্ঠানসমূহের জন্ম প্রচলন করা হইবে। পর্যায়ক্রমে এ ব্যবস্থা চট্টগ্রাম, রাজশাহী ও খুলনা বিভাগে চালু করা হইবে। উল্লেখ্য যে, সেপ্টেম্বর-নভেম্বর-এর ত্রৈমাসিক কিস্তির জন্ম প্রদত্ত মঞ্জুরী কম্পিউটারে প্রণীত এমপিও-এর মাধ্যমে ডিসেম্বর-এর শুরুতে যথারীতি ব্যাংকের মাধ্যমে প্রদান করা হইবে। ডিসেম্বর হইতে মাসিক ভিত্তিতে দেওয়া হইবে এবং এ টাকা জানুয়ারী ১৯৮৫-এর শুরুতে এমপিও-এর মাধ্যমে ব্যাংকের মারফত দেওয়া হইবে।

দ্বিতীয় কিস্তির চেক হস্তান্তর দেশের বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানগুলির শিক্ষক ও কর্মচারীদের বেতন ও ভাতাদি বাবদ চলতি অর্থ বছরের (১৯৮৪-৮৫) সেপ্টেম্বর, অক্টোবর ও নভেম্বর মাসের দ্বিতীয় কিস্তির সরকারী অনুদান মোট ৩৫ কোটি ৩৭ লক্ষ ১২ হাজার ২ শত ৩২ টাকা ছাড় করা হইয়াছে। মন্ত্রণালয় হইতে গতকাল (সোমবার) আনুষ্ঠানিকভাবে সোনালী, রূপালী, অগ্রণী ও জনতা ব্যাংক কতৃপক্ষের কাছে উপরোক্ত টাকার চেক হস্তান্তর করা হয়।
—তথ্য বিবরণী।